

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মানুসার্ব শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৭.০৮.০৯২.১৯-৩৭

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

বিষয়ঃ ময়মনসিংহ জেলার শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এর অধ্যক্ষ জনাব মোহাম্মদ তোফিকুল আজম কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৮০৩১/২০১৯ মামলার ২১/৮/২০১৯ তারিখের আদেশ Vacate করণ।

সূত্র: এমপিও শাখার স্মারক নং-৫৭.০০.০০০০.০৮০.৯৯.৮৩.১৮.৩৭, তারিখ: ২৪/০৬/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের জনাব মোহাম্মদ তোফিকুল আজম অধ্যক্ষ পদে ভূয়া তথ্য প্রদান, জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/২/১৪ তারিখের শিম/শা-১৩/বিবিধ/৮/১/২০১১/৩৭ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক কারিগরি শিক্ষা হতে ১১/৩/১৪ তারিখের ৩৭.০৩.০০০০.০৯০.০৬.০০৬.১৩.১৫৯৬ সংখ্যক স্মারকমূলে তার (মোহাম্মদ তোফিকুল আজম, অধ্যক্ষ-এর) এমপিও কেন স্থায়ী ভাবে বাতিল করা হবে না মর্মে পত্র জারী করা হয়।

২। উক্ত পত্রদ্বয়ের বিরুদ্ধে সংকুক্ষ হয়ে জনাব তোফিকুল আজম কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-২৯১৫/২০১৪ মামলা দায়ের করা হয়। রিট পিটিশন নং- ২৯১৫/২০১৪ মামলার ১৭/০৭/২০১৬ তারিখের রায় নিম্নরূপ-


" Accordingly, we do not find any merit in the rule. Accordingly the rule is discharged. The interim order of stay granted earlier by this court is here by recalled and vacated. If upon enquiry the allegation brought against the petitioner is found true, in the case the respondents will be at liberty of realize the money drawn by the petitioner after issuance of the impugned order dated 11.03.2014.

৩। উক্ত রায়ের বিরুদ্ধে পিটিশনার কর্তৃক আপিল নং-৩০৯৫/২০১৬ দায়ের করা হলে গত ০৭/৫/২০১৮ তারিখে উক্ত আপিল মামলাটি মেরিট না থাকায় মাননীয় আপিল আদালত কর্তৃক খারিজ হয়ে যায়। উক্ত আপিল মামলার রায়ের বিরুদ্ধে পিটিশনার কর্তৃক রিভিউ পিটিশন নং-২৫৭/২০১৮ মামলা দায়ের করা হয়। উক্ত রিভিউ পিটিশনটিও গত ০৩/০১/২০১৯ তারিখের আদেশে খারিজ হয়ে যায়।

৪। ফলে রিট মামলার রায়/আদেশ অনুযায়ী ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ তোফিকুল আজম-এর এমপিও চূড়ান্তভাবে বাতিল এবং তার এমপিওভুক্তির পর হতে সর্বশেষ তারিখ পর্যন্ত গৃহীত সমুদ্দর টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদানের নির্দেশনা দিয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ০৪/০৩/২০১৯ তারিখে ৫৭.০৩.০০০০.৯০.১৮.০০১.১৬.১৯৫ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংকুক্ষ হয়ে জনাব মোহাম্মদ তোফিকুল আজম কর্তৃক পুনরায় রিট পিটিশন নং-৮০৩১/২০১৯ মামলা দায়ের করা হয়।

৫। উক্ত রিট পিটিশন নং-৮০৩১/২০১৯ মামলায় ২১/৮/২০১৯ তারিখের শুনানী শেষে মাননীয় আদালত কর্তৃক ডিটিই এর ০৪/০৩/২০১৯ তারিখের ১৯৫ সংখ্যক স্মারকের কার্যক্রম আদেশ জারির তারিখ হতে ০৪ (চার) মাস স্থগিতাদেশ প্রদান করা হয়।

৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮০৩১/২০১৯ মামলার ২১/৮/২০১৯ তারিখের আদেশ Vacate করণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণক্রমে আগামি ৩০/৭/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


মো: আ: খালেক মির্জা) **২৫৭/১৯**
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মানুসার্ব শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মানুসার্ব শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মানুসার্ব শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অভিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মানুসার্ব শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।